

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এম আইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.৪৪.৪৫৫.০৯(অংশ-১)-১০৫৭

তারিখ: ১২ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ
২৫ এপ্রিল, ২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্মারক নং-৫২.০০.০০০০.১০৪.১১.২০৬.১২(অংশ-১)-১৮৮৬ তারিখ ০৮-০৬-২০১৭ অনুসারে ৩য় শ্রেণির রাজস্ব বাজেটে মুক্তিযোদ্ধা কোটায় স্থায়ী রাজস্ব খাতভুক্ত শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে বিবিএস কার্যালয়ে গৃহীত নিয়োগ কার্যক্রম এবং বিভাগীয় নির্বাচন কমিটি-৩ এর সুপারিশ মোতাবেক পরিসংখ্যান তদন্তকারী পদে (গ্রেড-১২) চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নলিখিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুসারে (১১৩০০-১১৮৭০-১২৪৭০-১৩১০০-১৩৭৬০-১৪৪৫০-১৫১৮০-১৫৯৪০-১৬৭৪০-১৭৫৮০-১৮৪৬০-১৯৩৯০-২০৩৬০-২১৩৮০-২২৪৫০-২৩৫৮০-২৪৭৬০-২৬০০০-২৭৩০০/- টাকা) বর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হ'ল:

ক্রমিক নং	মেধাক্রম	রোল নম্বর	নাম/পিতা/মাতার নাম	স্থায়ী ঠিকানা
০১	০৬	৭১১৩৫৫	অলক চন্দ্র দাস মাতা: অনিমা রানী দাস পিতা: ক্ষেত্র মোহন দাস	গ্রাম : চৌকী, ইউ: ০১ নং বড় ডাবৈড় পশ্চিম পো: বোয়ালিয়া বাজার-৩৩৫২ থানা/উপজেলা: নবীগঞ্জ, জেলা: হবিগঞ্জ
০২	১৫	৭১৩৫৬৩	মোছাঃ রেহানা পারভীন মাতা: ছালেহা পিতা: মোঃ ইউনুছ আলী	গ্রাম/মহল্লা: চন্দনপাট, ইউ:/ওয়ার্ড: কমলাবাড়ী পো: কুমড়ীরহাট-৫৫১০, থানা/উপজেলা: আদিতমারী জেলা: লালমনিরহাট
০৩	১৭	৭১১৩৭৩	মোঃ সাইদুল হক মাতা: ছালেহা আক্তার পিতা: ওবায়দুল হক	বাসা: আলী মোল্লা বাড়ী, গ্রাম/মহল্লা: গোড়াতলী ইউ:/ওয়ার্ড: কাটাছড়া, পো: আবুর হাট-৪৩২৪ থানা-জোরারগঞ্জ, উপজেলা: মীরসরাই, জেলা: চট্টগ্রাম
০৪	২২	৭১৩৫৫৮	নন্দ কুমার বিশ্বাস মাতা: হিরন বাল্য দেবী পিতা: জীতেন্দ্র কুমার বিশ্বাস	গ্রাম/মহল্লা: পুখলগাঁও, ইউ:/ওয়ার্ড: স্বরমুশিয়া পো: অভয়পাশা-২৪০০, থানা/উপজেলা: আটপাড়া জেলা: নেত্রকোনা।

শর্তাবলী:

- চাকরিতে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে।
- এই নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীতব্য সকল বিধি/বিধান প্রযোজ্য হবে।
- নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী চাকরিতে যোগদানের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসহ সত্যায়িত ছায়ািলিপি, বিজ্ঞাপনে বর্ণিত সকল কাগজপত্রের মূলকপি ও একপ্রস্থ ছায়ািলিপি দাখিল করতে হবে। অন্যথায় তাঁর যোগদানপত্র গ্রহণ করা হবে না।
- তঁর জ্যেষ্ঠতা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুপারিশকৃত মেধাক্রম ও সরকারী বিধি মোতাবেক নির্ধারণ হবে।
- নন-গেজেটেড কর্মচারীদের (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ) নিয়োগ বিধিমালা, ১৯৭৯ এর বিধি-৬ অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসর পর্যন্ত শিক্ষানবীশকাল হিসাবে গণ্য হবে। শিক্ষানবীশকালে তার আচরণ চাকরি বিধিমালার পরিপন্থি হলে অথবা যথাযথ কর্তৃপক্ষের নিকট তাঁর কার্যকলাপ সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে।
- অন্য দপ্তর বা সংস্থায় কর্মরত ব্যক্তিকে যোগদানের সময় স্ব-স্ব সংস্থার ছাড়পত্র অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় তার যোগদানপত্র গ্রহণ করা হবে না।
- নিয়োগ প্রাপ্তির পরেও প্রদত্ত কোন তথ্য অসত্য অথবা দুর্নীতি অথবা সমাজ ও রাষ্ট্রবিরোধী কার্যকলাপে জড়িত থাকলে অথবা প্রমানিত হলে বা অন্যক্ষেত্রে যেমন- চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা অন্যকোন উপযুক্ত কারণে বা কর্তৃপক্ষের ভুল-ত্রুটির কারণে এ নিয়োগপত্র ইস্যু করা হলে অথবা আদালতের আদেশের কারণে নিয়োগ বাতিল করার প্রয়োজন হলে এ নিয়োগ বাতিল করা হবে।
- চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৩-০৫-২০১৮ খ্রি. হতে ১৫-০৫-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে।
- উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।

